৭/৮/২০০৭

তারিখ ........
পৃষ্ঠা ৭ কলাম ৫

ভোরের কাগজ

# শেখ হাসিনার কাছে ১৪ দফা পেশ করেছে শিক্ষক সমিতি ফেডারেশন

কাগজ প্রতিবেদক : শিক্ষক সমিতি ফেডারেশনের একদল প্রতিনিধি গতকাল মঙ্গলবার সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে গণভবনে সাক্ষাৎ করে আওয়ামী লীগের দলীয় ইশতাহারে অন্তর্ভুক্ত করার জন্য ১৪ দফা প্রস্তাব পেশ করেছেন।

শিক্ষকদের ১৪ দফা সুপারিশের মধ্যে রয়েছে জাতীয় সংসদ নির্বাচনকালে ছাত্র সংসদের কার্যকারিতা স্থগিত, শিক্ষা প্রতিষ্ঠান দলীয় রাজনীতি প্রভাবমুক্তকরণ, একটি জাতীয় পরীক্ষানীতি প্রণয়ন,

● এরপর-পৃষ্ঠা ২ কলাম ৫

## শেখ হাসিনার কাছে

● প্রথম পাতার পর

একাডেমিক পরিদর্শনের নীতিমালা প্রণয়ন, শিক্ষক চাকরি নিরাপত্তা বিধি প্রচলন, উৎসব ভাতা প্রদান, জাতীয় শিক্ষক কাউন্সিল গঠন ইত্যাদি। আওয়ামী লীগ সভানেত্রী শেখ হাসিনা ফেডারেশন প্রতিনিধিবৃন্দের বক্তব্য শোনেন এবং নির্বাচিত হলে শিক্ষার মান উন্নয়নে ও শিক্ষকদের মর্যাদা বৃদ্ধিতে সম্ভাব্য সবকিছু করার আশ্বাস দেন।

ফেডারেশনের মহাসচিব অধ্যক্ষ কাজী ফারুক আহমেদের নেতৃত্বে ৪৯ সদস্যের প্রতিনিধিদলে ছিলেন অধ্যক্ষ এ কে এম জহিরুল ইসলাম, অধ্যক্ষ আসাদুল হক, উপাধ্যক্ষ নূরুন নবী সিদ্দিকী, অধ্যক্ষা মারেফা খাতুন, অধ্যক্ষ নূরুল আনোয়ার, অধ্যক্ষ সাইদুর রহমান প্রমুখ।